

গণ বিশ্ববিদ্যালয়ে নারী শিক্ষা বিষয়ক সেমিনার



ছবি-সংগৃহীত

অনলাইন ডেক্স

প্রকাশ: ১৪ জুলাই ২০২৫ | ২৩:১২

(-) (অ) (+)

সাভারের গণ বিশ্ববিদ্যালয়ে ‘নারী শিক্ষায় ক্যারল অ্যান ইগেন ফাউন্ডেশন ও গণস্বাস্থ্য কেন্দ্রের ভূমিকা-প্রেক্ষিত বাংলাদেশ’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে।

রোববার একাডেমিক ভবন মিলনায়তনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আবুল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত
এ সেমিনারে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ডা. জাফরগঞ্জ চৌধুরী আর্কাইভের পরিচালক অধ্যাপক মনসুর মুসা।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আরও বক্তব্য রাখেন গণস্বাস্থ্য কেন্দ্রের ট্রাষ্টি সন্ধ্যা রায়, ডা. মনজুর কাদির আহমেদ, গণ
বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক সিরাজুল ইসলাম, কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডীন অধ্যাপক নীলুফার
সুলতানা, রেজিস্ট্রার প্রকৌশলী মো. ওহিদুজ্জামান এবং ক্যারল অ্যান ইগেন ফান্ডের প্রকল্প পরিচালক অঞ্জন কুমার মিত্র।

সেমিনারে ক্যারল অ্যান ইগেন বৃত্তি ফান্ড হতে গণবিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সেশনের ৮টি বিভাগের মোট ১৪০ জন শিক্ষার্থীকে
বৃত্তি দেওয়া হয়। কানাডিয়ান নাগরিক ক্যারল অ্যান এগেন ১৯৭২ সালে ঢাকায় আহত মুক্তিযোদ্ধাদের শারীরিক পুনর্বাসনের
জন্য কানাডিয়ান ইউনিভার্সিটি সার্ভিস ওভারসিজের স্বেচ্ছাসেবক হিসেবে বাংলাদেশে আসেন। পরবর্তীতে তিনি বাংলাদেশের
স্থানীয় পর্যায়ে নারী নেতৃত্বের উন্নয়নের সঙ্গে জড়িয়ে পড়েন। মৃত্যুর পর তাঁর সম্মিলিত অর্থের কিছু অংশ নারী শিক্ষার উন্নয়নে
দান করে যান। সেই অর্থ থেকেই গণস্বাস্থ্য কেন্দ্র ও গণ বিশ্ববিদ্যালয়ের নারী শিক্ষার্থীদের বছরে ১৪০ জন হিসেবে মোট ৫
বছরে ৯০০ জনকে বৃত্তি দেওয়া হবে। সংবাদ বিজ্ঞপ্তি